



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-৩ শাখা
www.shed.gov.bd



৩৭.০০.০০০০.০৮৩.১৬.১৬৩.২০২০-১১৬

তারিখ: ২৯ চৈত্র ১৪২৯
১২ এপ্রিল ২০২৩


প্রজ্ঞাপন

শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের আওতাধীন শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের অতিরিক্ত প্রধান প্রকৌশলী জনাব মোঃ দেলোয়ার হোসেন মজুমদারকে পুনরাদেশ না দেয়া পর্যন্ত জ্যেষ্ঠতার ভিত্তিতে নিজ বেতন ও বেতনক্রমে প্রধান প্রকৌশলী পদে নিম্নোক্ত শর্তে চলতি দায়িত্ব প্রদান করা হলো:

- (ক) এ চলতি দায়িত্ব কোন পদোন্নতি নয় এবং এ চলতি দায়িত্ব প্রদানের কারণে তিনি পদোন্নতি দাবি করতে পারবেন না;
- (খ) প্রধান প্রকৌশলী পদ নিয়মিত পদোন্নতির মাধ্যমে পূরণ করা হলে এ চলতি দায়িত্বের আদেশ বাতিল বলে গণ্য হবে; ও
- (গ) তিনি বিধি মোতাবেক চলতি দায়িত্ব ভাতাসহ আনুষঙ্গিক সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ প্রজ্ঞাপন জারি করা হলো। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


১২/০৪/২০২৩

(আশিয়া সুলতানা)

সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-৩)

ফোন: ৯৫৪৬৫৭৮


e-mail: ds_dev3@moedu.gov.bd

৩৭.০০.০০০০.০৮৩.১৬.১৬৩.২০২০-১১৬/১(১২)

তারিখ: ২৯ চৈত্র ১৪২৯
১২ এপ্রিল ২০২৩

সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। বিভাগীয় কমিশনার (সকল)।
- ২। প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপমন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। চিফ একাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৯। জনাব মোঃ দেলোয়ার হোসেন মজুমদার, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, প্রধান কার্যালয়, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ১০। উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
- ১১। হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ১২। অফিস কপি।


১২/০৪/২০২৩

(আশিয়া সুলতানা)

সিনিয়র সহকারী সচিব (উন্নয়ন-৩)